অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/15/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুউমো COVID-19-এর বিস্তার রোধে এই সপ্তাহে নিউ ইয়র্ক সিটি, ওয়েস্টচেষ্টার, সাফোক এবং নাসাউ-এর সকল পাবলিক স্কুল বন্ধ হয়ে যাবার ঘোষণা দিলেন

সোমবার, মার্চ 16 থেকে ওয়েস্টচেষ্টার, নাসাউ এবং সাফোক বন্ধ শুরু করবে

যে সকল শিশুরা স্কুলের খাবারের উপর নির্ভর করে তারা সহায়তা পাচ্ছে এবং পিতামাতারা - বিশেষ করে অত্যাবশ্যকীয় স্বাস্থ্য পরিষেবা কর্মী এবং জরুরি সেবা প্রদানকারীরা - শিশু পরিচর্যা পরিষেবা নিতে পারছে তা নিশ্চিত করতে নিউ ইয়র্ক সিটিকে অবশ্যই 24 ঘন্টার মধ্যে পরিকল্পনা প্রস্তুত করতে হবে

কুওমো: "এই সকল আপৎকালীন ব্যবস্থাকে মাথায় রেখে কোনো স্কুল বন্ধ করতে হবে যাতে করে শিশুরা ক্ষতিগ্রস্থ না হয় এবং আমাদের হাসপাতালগুলো কর্মী সঙ্কটে না পড়ে - অন্যথায় নাকের ব্যথা সারাতে নাক কাটাই সার হবে।"

গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজ নভেল করোনাভাইরাস বা COVID-19-এর বিস্তার রোধে এই সপ্তাহে নিউ ইয়র্ক সিটি, ওয়েস্টচেষ্টার, সাফোক এবং নাসাউ-এর সকল পাবলিক স্কুল বন্ধ করবে করবে বলে ঘোষণা দিয়েছেন।

সোমবার, মার্চ 16 থেকে শুরু হয়ে ওয়েস্টচেষ্টার, নাসাউ এবং সাফোকের স্কুলগুলো দুই সপ্তাহের জন্য বন্ধ হবে।

যে সকল শিশুরা সকালের নাস্তা এবং দুপুরের খাবারের জন্য স্কুলের উপর নির্ভর করে তাদের সহায়তা অব্যহত রয়েছে এবং পিতামাতারা - বিশেষ করে অত্যাবশ্যকীয় স্বাস্থ্য পরিষেবা কর্মী এবং জরুরি সেবা প্রদানকারীরা - প্রয়োজনমত শিশু পরিচর্যা পরিষেবা নিতে পারছে তা নিশ্চিত করতে নিউ ইয়র্ক সিটিকে অবশ্যই পরবর্তী 24 ঘন্টার মধ্যে পরিকল্পনা প্রস্তুত করতে হবে। চলতি সপ্তাহের গোড়ার দিকে নিউ ইয়র্ক সিটির স্কুলগুলো বন্ধ হবে।

"আমাদের লক্ষ্য হল, এই ভাইরাসের বিস্তারকে এমন গতিতে নিয়ে আসা যা স্বাস্থ্যসেবা ব্যবস্থা নিয়ন্ত্রণ করতে পারে, এবং এটি করার অন্যতম একটি উপায় হচ্ছে জনঘনত্ব কমিয়ে নিয়ে আসা," **গভর্নর কুওমো বলেন।** "স্কুল বন্ধ করা পরিকল্পনা হিসেবে যথাযথ তবে পূর্ব থেকেই যেকোনো

অপ্রত্যাশিত পরিণতি ঠাহর করতে এবং সংশোধন করতে হবে – যে সকল শিশুরা স্কুলের বিনামূল্যের খাবারের উপর নির্ভর করে সেগুলোর তারা পাচ্ছে এবং বিশেষ করে অত্যাবশ্যকীয় স্বাস্থ্য পরিষেবা কর্মী এবং জরুরি সেবা প্রদানকারী অল্পবয়স্ক বাচ্চাদের পিতামাতারা যথাযথ শিশু পরিচর্যা পরিষেবা নিতে পারছে তা নিশ্চিত করতে হবে। আমরা স্কুলগুলো বন্ধ করে দিবো তবে তা করতে হবে এই সকল আপৎকালীন ব্যবস্থাকে মাথায় রেখে যাতে করে শিশুরা ক্ষতিগ্রস্থ না হয় এবং আমাদের হাসপাতালগুলো কর্মী সঙ্কটে না পড়ে – অন্যথায় নাকের ব্যথা সারাতে নাক কাটাই সার হবে।"

গভর্নর 1199 পরিষেবা কর্মীদের আন্তর্জাতিক সংঘের (Service Employees International Union, SEIU) সভাপতি জর্জ গ্রেশাম, নিউ ইয়র্ক স্টেটের নার্সদের সমিতির (New York State Nurses Association) সভাপতি জুডি শেরিডান গঞ্জালেস, বৃহত্তর নিউ ইয়র্ক হাসপাতাল সমিতির (Greater New York Hospitals Association) সভাপতি কেন রাসা এবং শিক্ষক ঐক্য ফেডারেশনের (United Federation of Teachers) সভাপতি মাইক মালগ্রুর উদ্দেশ্যে স্কুলের সকালের নাস্তা এবং দুপুরের খাবার কর্মসূচির উপর নির্ভর করে এমন শিশুদের জন্য এই সহায়তা অব্যহত রয়েছে এবং অস্থায়ী ডে-কেয়ার কেন্দ্রসহ পিতামাতারা প্রয়োজন অনুযায়ী শিশু পরিচর্যা সেবা পাবেন তা নিশ্চিতকরণে একত্রে কাজ করার আহ্বানও জানিয়েছেন। এই কেন্দ্রগুলো স্বাস্থ্য পরিষেবা কর্মী এবং জরুরি সেবা প্রদানকারীর শিশুদেরকে পরিচর্যার ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করবে যাতে করে স্কুলের এই বন্ধ হয়ে যাওয়া হাসপাতাল এবং জরুরি পরিস্থিতি মোকাবেলার উপরে চাপ সৃষ্টি না করে।

আজ এর আগে, গভর্নর স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্কস এম্পায়ার স্টেট কলেজের সভাপতি জিম মালাটরাসকে কাউন্টিগুলোর সাথে কিভাবে খাদ্য অনিশ্চতার ভুক্তভোগী শিশুদেরকে খাদ্য সরবরাহ করা যায় এবং যথাযথ শিশু পরিচর্যা সেবায় পরিবারগুলোর অংশগ্রহণের সুযোগ রয়েছে তা নিশ্চিতকরা যায় তা সহ স্কুল বন্ধের প্রস্তুতিতে জরুরি অবস্থার পরিকল্পনা তৈরির দায়িত্ব অর্পন করেছেন।

ওয়েস্টচেষ্টার, সাফোক এবং নাসাউ-এর কাউন্টি নির্বাহীরা গভর্নর কুউমোর সাথে বিষয়টি নিয়ে আলোচনা করতে কনফারেন্স কলে যুক্ত হন এবং বলেন:

ওয়েস্টচেস্টার কাউন্টির নির্বাহী জর্জ ল্যাটিমার বলেন, "COVID-19 ভাইরাসের বিস্তার কমিয়ে দেওয়ার কার্যকর উপায় নিশ্চিত করার উদ্দেশ্যে আমাদের কাউন্টি স্টেটের সাথে সমন্বয় করে চলেছে। দলীয় অনুষ্ঠান এবং সভা বাতিল করা, অপরিহার্য নয় এমন সামাজিক যোগাযোগ সীমাবদ্ধ করা এবং আরও পরীক্ষা ও স্বাস্থ্যসেবার প্রয়োজনের বিষয়টি প্রত্যাশায় রাখা, এগুলো সবই গভর্নর এবং তাঁর প্রশাসনের সাথে একযোগে পরিস্থিতি মোকাবেলার উদ্দেশ্যে নেয়া আমাদের কর্মকান্ডের অংশ। পর্যাপ্ত শিশু পরিচর্যা এবং পুষ্টির সরবরাহসহ স্কুল বন্ধ করা – হচ্ছে পরবর্তী পদক্ষেপ যা আমরা এই সপ্তাহে গ্রহণ করব। আমরা গভীরভাবে গভর্নর কুউমোর প্রদর্শিত নেতৃত্বকে সাধুবাদ জানাই।"

সাফোক কাউন্টির এক্সিকিউটিভ স্টিভ বেলোন বলেন, "স্টেট জুড়ে COVID-19-এ আক্রান্ত হবার ঘটনার সংখ্যা ক্রমাগত বাড়তে থাকায় আমরা স্কুলগুলো বন্ধের সম্ভাবনা নিয়ে আমাদের স্টেট ও স্থানীয় অংশীদারদের সাথে কাজ করেছি। আমাদের বৃহত্তর সামাজিক দূরত্ব স্থাপন প্রচেষ্টার অংশ হিসেবে, আমরা এই সিদ্ধান্তে উপনিত হয়েছি যে স্কুলগুলো বন্ধ করাই এই সময়ে সঠিক কাজ। আমরা যখন এই সংকটময় পরিস্থিতি মোকাবেলা করে চলেছি তখন আমি তার নেতৃত্বের জন্য গভর্নর কুওমোকে এবং পাশাপাশি সাফোকের পরিবারগুলোকে রক্ষার উদ্দেশ্যে তাদের অংশীদারিত্ব এবং দ্রুত পদক্ষেপ গ্রহণের জন্য স্কুল ডিস্ট্রিক্টগুলোকে ধন্যবাদ জানাতে চাই।"

নাসাউ কাউন্টি-এর এক্সিকিউটিভ লরা কুরান বলেন, "আমি গভর্নর কুওমোকে সকল সরকারি ও বেসরকারী স্কুল বন্ধ করার জন্য গৃহিত আমাদের সিদ্ধান্তকে সম্পূর্ণভাবে সমর্থন করার জন্য এবং যখন কিনা এই সংকটটি প্রকট হয়ে চলেছে তখন নাসাউ কাউন্টির প্রতিটি শিশুর পূর্ণ পরিচর্যার বিষয়টি নিশ্চিতে তার অবিচল অঙ্গীকারের জন্য ধন্যবাদ জানাই। আমরা সবাই ঐকমত্য পোষন করি যে, আমাদের শিশুদের নিরাপত্তা ও সুস্থ থাকার চাইতে অন্য কোনোকিছুই বেশি গুরুত্বপূর্ণ নয়।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন